

উচ্চশিক্ষায় অবদান, সম্মানিত জন ফেলিক্স রাজ

স্টাফ রিপোর্টার : দক্ষিণ এশিয়ার জেসুইট উচ্চশিক্ষা ক্ষেত্রে এবং সমাজে অবদানের জন্য সম্মানিত হলেন কলকাতার সেন্ট জোজিয়াস বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফাদার জন ফেলিক্স রাজ। শনিবার সেন্ট জোজিয়াস কলেজ, কলকাতায় শুরু হল জেসুইট এডুকেশন অ্যাসোসিয়েশন সাউথ এশিয়ার (জেএইচইএসএ) দুদিনব্যাপী বার্ষিক সম্মেলন। এদিন সকালে সম্মেলনের সূচনা অনুষ্ঠান থেকেই ফাদার ফেলিক্স রাজের হাতে 'মাজিস মেডেল' তুলে নেওয়া হয়। সংগঠনের এই স্বীকৃতির জন্য ধন্যবাদ জানিয়ে ফেলিক্স রাজ বলেন, "একটি পুরস্কার আসলে একজন ব্যক্তির অস্তিত্বের স্বীকৃতি যা একই সঙ্গে ভবিষ্যতে আরও কাজ করার দায়িত্ব বাড়িয়ে দেয়। আমার এখনও অনেকটা পথচলা বাকি রয়েছে।"

১৯৭৪ সালে পাটনায় জেসুইট প্রিন্সিপাল নেওয়া শুরু করেছিলেন ফাদার ফেলিক্স রাজ। এ বছর তাঁর জেসুইট হওয়ার ৫০ বছর পূর্ণ হল। এই মাইলফলককে স্বীকৃতি দিতেই জেসুইট এএসএ-র তরফে 'মাজিস মেডেল' দিয়ে সম্মানিত করা হল ফেলিক্স



■ দক্ষিণ এশিয়া জেসুইট উচ্চশিক্ষায় ও সমাজের অবদানের জন্য সম্মানিত হলেন কলকাতার সেন্ট জোজিয়াস বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফাদার জন ফেলিক্স রাজ। 'মাজিস মেডেল' তুলে দেওয়া হয় জেসুইট এএসএ-র পক্ষ থেকে। ছিলেন দক্ষিণ এশিয়ার জেসুইট প্রতিপিয়াল রেকর্ডেট স্ট্যান্ডার্ড ডি সূজা, রোমের জেসুইট কুরান উচ্চশিক্ষা সচিব ফাদার জোসেফ ক্রিস্টি, কলেজের কলকাতার অধ্যক্ষ ফাদার ড. ডমিনিক সান্তিও। শনিবার কলেজ অডিটোরিয়ামে। —সান্তনু খোয়া

এবং ধর্মিকতাই গুরু গণ্য। আমি এখন বুঝতে পারি যে সৌম্য বিনীততার পিছনে রয়েছে বৃদ্ধিমান এবং তীক্ষ্ণ বুদ্ধির সঙ্গে দেশের উন্নয়নে অবদান রাখার জ্বলন্ত ইচ্ছা। ফাদার ফেলিক্স রাজ শুধু সেন্ট জোজিয়াস কলেজের মধ্য দিয়ে গিয়েছেন বা যাবেন তাঁদের জন্য নয়, অন্য উপযুক্ত প্রতিষ্ঠানে যারা পড়াশোনা করেন তাঁদের

জন্যও একজন সত্যিকারের আইকন।... এদিনের সম্মেলনের আলোচ্য বিষয়বস্তু ছিল, 'ডিসানমেন্ট, নেটওয়ার্কিং অ্যান্ড কোলাবোরেশন'। তা নিয়ে ফেলিক্স রাজ বলেন, "অনেকে থিয়োরিগত আলোচনা করেছে। এবার তার উপর কাজ করার সময় এসে গিয়েছে। একক কলেজগুলোর মধ্যে জোনাল ও জাতীয় স্তরে তা করতে হবে। নেটওয়ার্কিং বা কোলাবোরেশন ছাড়া আমরা প্রতিষ্ঠান হিসাবে একা দাঁড়িয়ে থাকব। অন্য প্রতিষ্ঠানের সঙ্গে নেটওয়ার্ক থাকলে প্রভাব অনেক বেশি হবে। তাই আমরা নেটওয়ার্কিং-এর উপর জোর দিচ্ছি।" সফল নেটওয়ার্কিং-এর উদাহরণ হিসাবে তিনি তুলে ধরেন সেন্ট জোজিয়াস বিশ্ববিদ্যালয় গড়তে প্রাক্তনীদের বিপুল অবদানের কথা। সম্মেলনে ছিলেন দক্ষিণ এশিয়ার জেসুইট প্রতিপিয়াল হেভার্ডেট স্ট্যান্ডার্ড ডি সূজা, রোমের জেসুইট ফাদার উচ্চশিক্ষার সচিব ফাদার জোসেফ ক্রিস্টি, সেন্ট জোজিয়াস কলেজ কলকাতার অধ্যক্ষ ফাদার ডমিনিক সান্তিও, কলকাতা প্রতিষ্ঠানের প্রতিপিয়াল জেমস আর্জেন্ট টেটে, সেন্ট জোজিয়াসের রেজেন্স ফাদার জয়রাজ ভেনুয়াসী প্রমুখ।

